

২০২২ বাংলা

অনার্স

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNGH-GE-T-1.

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ, অলংকার,
বৈষ্ণব পদাবলী

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: $২ \times ১০ = ২০$

- ক) চর্যাপদের ঢীকাকারের নাম কী? তাঁর ঢীকাগ্রন্থের নাম কী ছিল?
- খ) চর্যাপদে কতগুলি পূর্ণাঙ্গ গান ও কতজন কবির উল্লেখ পাওয়া যায়?
- গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কয়টি খণ্ডে বিভক্ত? ক্রমান্বয়ে খণ্ডগুলির নাম উল্লেখ করো।
- ঘ) বাংলা ভাষায় রচিত দুটি চৈতন্যজীবনী গ্রন্থের নাম ও রচয়িতার নাম উল্লেখ করো।
- ঙ) কৃত্তিবাস কার নির্দেশে তাঁর কাব্য রচনা শুরু করেন? তাঁর কাব্যের নাম কী?

[পরের পাতায়]

১৮) নারায়ণদেব কোন বঙ্গের কবি ছিলেন? তাঁর কাব্যে প্রকাশিত মঙ্গলকাব্যের দুটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য লেখো।

ছ) বক্রোক্তি কয়প্রকার ও কি কি?

জ) উদাহরণসহ উপমা অলংকারের সংজ্ঞা দাও।

ঝ) রামপ্রসাদের জন্মস্থান ও তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।

ঞ) ভারতচন্দ্র কোন সময়ের কবি? তাঁর 'অন্নদামঙ্গল' কাব্যটি কয়টি খণ্ডে বিভক্ত? খণ্ডগুলির নাম লেখো।

ট) 'রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।' — পদটির পদকর্তা কে? 'ভোর' শব্দটির অর্থ কী?

ঠ) দল কাকে বলে? 'ছন্দ' শব্দটিতে কয়টি দল রয়েছে ও কী কী?

ড) অর্ধ যতি কী? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

ঢ) 'এমন মানব-জমিন রইলো পতিত / আবাদ করলে ফলতো সোনা।' — উদ্ধৃতাংশটি কোন অলংকারের উদাহরণ?

ণ) উৎপ্রেক্ষা অলংকার চেনার উপায় কী? একটি উদাহরণসহ বুঝিয়ে দাও।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

ক) সঙ্ঘা ভাষা কাকে বলে? চর্যাপদে এই ভাষার ব্যবহার কীভাবে হয়েছে তা বুঝিয়ে দাও।

খ) 'কষ্টক গাড়ি কমলসম পদতল' - পদটির কাব্য সৌন্দর্য বিশ্লেষণ করো।

গ) বাংলা মঙ্গলকাব্য ধারায় অন্নদামঙ্গল কাব্যকে 'নূতন মঙ্গল' বলার কারণ কী— তা ব্যাখ্যা করো।

ঘ) ধর্মমঙ্গল কাব্যকে 'রাঢ়ের জাতীয় মহাকাব্য' বলা যায় কিনা বিচার করো।

ঙ) যমক ও শ্লেষ অলংকারের পার্থক্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

চ) ছন্দোলিপি প্রণয়ন করো :
মরিতে চাহি না আমি সুন্দর ভুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: $১০ \times ২ = ২০$

ক) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবির কবিত্বভিত্তিক বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো।

খ) বাংলা ভাষায় মহাভারতের শ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর শ্রেষ্ঠত্বের কারণ ব্যাখ্যা করো।

গ) বাৎসল্য বিষয়ক পদরচনায় বলরামদাসের কৃতিত্ব ব্যাখ্যা করো।

ঘ) দলবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উপযুক্ত উদাহরণসহ আলোচনা করো।